



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩০/পিই/ম.ন,জোন/২০০০/২১২

তারিখ: ১৮/০৫/২০২৩

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর উচ্চমাধ্যমিক পর্যায়ের বার্ষিক আন্তঃ কলেজ (উঃ মাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২২-২০২৩ এর ঢাকা জেলার কলেজসমূহের জেলা পর্যায়ের খেলা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক আয়োজিত উচ্চমাধ্যমিক পর্যায়ের বার্ষিক আন্তঃ কলেজ (উঃ মাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২২-২০২৩ এর ঢাকা জেলার কলেজসমূহের জেলা পর্যায়ের খেলা অনিবার্য কারণ বশতঃ অধ্যক্ষ, সরকারি সাভার কলেজ, ঢাকা এর পরিবর্তে অধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ -কে সভাপতি মনোনয়ন পূর্বক তাঁর তত্ত্বাবধানে উক্ত খেলাসমূহ মানিকগঞ্জে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ এর সঙ্গে দ্রুত যোগাযোগপূর্বক বোর্ডের নীতিমালা(বাইলজ) এবং বিজ্ঞপ্তি মোতাবেক যথাসময়ে উল্লেখিত ঢাকা জেলা পর্যায়ের খেলা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক

কলেজ পরিদর্শন ও শারীরিক শিক্ষা শাখা
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ,

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ এবং

ঢাকা জেলায় অবস্থিত উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।